Times Today BD

সিনিয়র রিপোর্টার | ক্যাম্পাস | 15 May, 2025

শিক্ষার্থীদের দাবি আদায় হওয়ার আগ পর্যন্ত জগন্ধাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাটডাউন ঘোষণা করেছেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রইস উদ্দিন। এটি একটি আনঅফিসিয়াল শাটডাউন বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান ড.
মোস্তফা হাসান।

বৃহস্পতিবার (১৫ মে) আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা শেষে কাকরাইলে এ ঘোষণা দেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক।

অধ্যাপক রইস উদ্দিন বলেন, আমরা এখানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধিকার নিয়ে এসেছি। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দাবি আদায়ের জন্য এসেছি। আমাদের ওপর পুলিশ নির্বিচারে হামলা চালিয়েছে। এটি সম্পূর্ণ অরাজকতা এবং অন্যায়। আমরা কারও বিরুদ্ধে এখানে কথা বলতে আসিনি, কোনো ষড়যন্ত্র করতে আসিনি। আমাদের অধিকার চাইতে এসেছি। দাবি আদায় না করে আমরা ঘরে ফিরব না। দাবি আদায়ের আগ পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শোটডাউন চলবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোনো ক্লাস ও পরীক্ষা কার্যক্রম চলবে না। দাবি আদায় করে আমরা ঘরে ফিরব।

তিনি বলেন, আমাদের এখান থেকে সরিয়ে দেওয়ার জন্য যদি কোনো পদক্ষেপ নেওয়া হয় তবে তা ভালো হবে না।আমার চোখের সামনে আমার কোনো শিক্ষার্থীকে কেউ আঘাত করতে পারবে না। সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান ড. মোস্তফা হাসান বলেন, আমাদের সব শিক্ষক-শিক্ষার্থী তিন দফা দাবি আদায়ে কাকরাইলে এসে আন্দোলন করছে।বিশ্ববিদ্যালয়ে এখন শুধু অফিস খোলা রয়েছে।কোনো ক্লাস হচ্ছে না, কোনো পরীক্ষা হচ্ছে না।এতেই বোঝা যায় বিশ্ববিদ্যালয় তার স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করছে না।আমরা অফিসিয়ালি শাটডাউন ঘোষণা করতে পারি না, তবে বর্তমান পরিস্থিতিতে বলা যায় আন-অফিসিয়ালি বিশ্ববিদ্যালয় শাটডাউন রয়েছে। কেননা সব শিক্ষার্থী এবং শিক্ষকরা রাস্তায়, এ অবস্থায় ক্লাস-পরীক্ষা কে নেবে?

তিনি আরও বলেন, আমি মনে করি শিক্ষার্থীদের দাবিগুলো যৌক্তিক।অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় আমাদের শিক্ষার্থীরা বৈষম্যের শিকার হচ্ছে।সরকার চাইলেই শিক্ষার্থীদের দাবি মেনে নিতে পারে। সামনে বাজেট ঘোষণা করবে সরকার, সেখানে আমাদের এই দাবিগুলো বাস্তবায়ন করা সম্ভব।

শাটডাউনের বিষয়ে বিশ্ববিদ্যালয়টির প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক ঢাকা প্রাস্টকে বলেন, অফিসিয়ালি বিশ্ববিদ্যালয় শাটডাউন ঘোষণা করা হয়নি এবং এ বিষয়ে আমি কিছু জানি না। তবে বিশ্ববিদ্যালয় কোনো ধরনের ক্লাস হচ্ছে না বা পরীক্ষা হচ্ছে না। শিক্ষার্থীরা শাটডাউনের ঘোষণা দিয়ে থাকতে পারেন।

এ সময় শিক্ষার্থীরা—"আবাসন চাই, বঞ্চনা নয়", "বাজেট কাটছাঁট চলবে না", "হামলার বিচার চাই" ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

এদিকে প্রায় দুইদিন ধরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কাকরাইলে অবস্থান করছেন। অবস্থান কর্মসূচি পালন করায় অনেক শিক্ষার্থী ক্লান্ত হলেও আন্দোলন থেকে সরে আসেননি কেউ।কেউ কেউ রাতভর রাস্তায় ঘুমিয়ে আজ সকালেও অবস্থান করছেন।

৩ দফা থেকে বেড়ে শিক্ষার্থীদের দাবি এখন চারটি। এগুলো হলো— বিশ্ববিদ্যালয়ের ৭০ শতাংশ শিক্ষার্থীর জন্য ২০২৫-২৬ অর্থবছর থেকে আবাসন বৃত্তি চালু করা, জবির প্রস্তাবিত পূর্ণাঙ্গ বাজেট কাটছাঁট না করে অনুমোদন, দ্বিতীয় ক্যাম্পাসের কাজ একনেক সভায় পাশ ও

বাস্তবায়ন, ১৪ মে শিক্ষার্থীদের ওপর পুলিশের অতর্কিত হামলার সুষ্ঠু তদন্ত ও দোষীদের

দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা।

প্রসঙ্গত, গতকাল বুধবার সকাল ১১টায় তিন দফা দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবন

অভিমুখে লং মার্চ শুরু করে জবি শিক্ষক-শিক্ষার্থীরা।লং মার্চটি গুলিস্তান ও মৎস্য ভবন পার

হয়ে কাকরাইল মসজিদের সামনে এলে বেলা পৌনে ১টার সময় পুলিশ টিয়ারগ্যাস ও সাউভ

গ্রেনেড নিক্ষেপ করে।এ সময় ছত্রভঙ্গ করতে গরম পানিও ছোড়া হয়।শিক্ষার্থীরা ছত্রভঙ্গ হয়ে

গেলে লাঠিচার্জ করে পুলিশ।এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও সাংবাদিকসহ শতাধিক

আহত হয়েছেন।

পরে রাতে তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম ঘটনাস্থলে আসেন।মাহফুজের বিফ্রিংয়ে

অসম্ভষ্ট হন শিক্ষার্থীরা।তারা ভুয়া ভুয়া স্লোগান দিতে থাকেন।একপর্যায়ে তাকে লক্ষ্য করে

আন্দোলনকারীদের মধ্য থেকে একজন বোতল ছুড়ে মারেন।এরপর উপদেষ্টা বিফ্রিং বন্ধ করে।

ঘটনাস্থল ত্যাগ করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিক্ষোভ ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:33

URL: https://timestodaybd.com/public/campus/2522775807